

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০৪

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ হিজর কা'বার অন্তর্ভুক্ত মর্মে বর্ণনা

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْحَجَرَ مِنَ الْبَيْتِ

আরবী

3804 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ ابْنِ شَهَابٍ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ مُحَمَّدٍ بْنَ أَبِي بَكْرٍ الصِّدِّيقَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَخْبَرَ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ عَنْ عَائِشَةَ - زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (أَلَمْ تَرَيَ أَنَّ قَوْمَكَ - حِينَ بَنَوْا الْكَعْبَةَ - اقْتَصَرُوا عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ) قَالَتْ: فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَفَلَا تَرُدُّهَا عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ؟ قَالَ: (لَوْلَا حَدَّثَانُ قَوْمِكَ بِالْكَفْرِ) قَالَ: فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ: لَئِنْ كَانَتْ عَائِشَةُ سَمِعَتْ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا أَرَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَكَ اسْتِلَامَ الرُّكْنَيْنِ اللَّذَيْنِ يَلِيَانِ الْحَجَرَ إِلَّا أَنَّ الْبَيْتَ لَمْ يَتَمَّ عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ. الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3804 | خلاصة حكم المحدث: صحيح - ((تخریج فقه السيرة)) (81) ، ((الصحيحة)) (43): ق.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ: لَئِنْ كَانَتْ عَائِشَةُ سَمِعَتْ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَفُظَةٌ ظَاهِرُهَا التَّوَقُّفُ عَنْ صِحَّتِهَا مُرَادُهَا ابْتِدَاءُ إِخْبَارٍ عَنْ شَيْءٍ يَأْتِي بِتَيَقُّنٍ شَيْءٍ مَاضٍ.

বাংলা

৩৮০৪. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

বলেছেন, “তুমি কি দেখনি যে, তোমার সম্প্রদায় যখন কা’বা ঘর নির্মাণ করেন, তখন তারা ইবরাহিম আলাইহিস সালামের ভিত্তি থেকে কমিয়ে দিয়েছে?” আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, “আমি বললাম, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি কি এটাকে ইবরাহিম আলাইহিস সালামের ভিত্তির উপর ফিরিয়ে আনবেন না?” জবাবে তিনি বলেন, “যদি তোমার সম্প্রদায় কুফরের নিকটবর্তী (নব মুসলিম) না হতো, (তবে নিশ্চয়ই আমি ইবরাহিম আলাইহিস সালামের ভিত্তির উপর ফিরিয়ে আনতাম)।”

অধঃস্তন রাবী বলেন, “অতঃপর আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, “যদি আয়িশা রাদিয়াল্লাহু আনহা এটা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শ্রবণ করে থাকেন, তবে আমি এটাই মনে করি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হিজরের নিকটে দুই রুকন স্পর্শ করেননি এজন্য যে, বাইতুল্লাহ ইবরাহিম আলাইহিস সালামের ভিত্তির উপর পূর্ণতা দেওয়া দেয়নি।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহু বক্তব্য “যদি আয়িশা রাদিয়াল্লাহু আনহা এটা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শ্রবণ করে থাকেন” এটি এমন শব্দরূপ, যাতে বাহ্যিকভাবে বুঝা যায় যে, তিনি বর্ণনাটির বিশুদ্ধতা সম্পর্কে মূলতবীর পথ অবলম্বন করেছেন। কিন্তু এর দ্বারা উদ্দেশ্য হলো, কোন জিনিস সম্পর্কে সংবাদের সূচনা করা, যে জিনিসটি অতীতের কোন জিনিস নিশ্চিত হওয়ার মাধ্যমে আসবে।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৭৬-১৭৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৬৩-৩৬৪; সহীহুল বুখারী: ১৫৮৩; সহীহ মুসলিম: ১৩৩৩; নাসাঈ: ৫/২১৪-২১৫; আবু ইয়াল্লা: ৪৩৬৩; তাহাবী: ২/১৮৫; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৪৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93143>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন